যুগান্তর

২৮।১২।২০০৭

তারিখ ... পৃষ্ঠা ৬ কলাম ২...

# বদলে গেছে ঢাবি ক্যাম্পাসের দৃশ্যপট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বদলে গেছে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের দৃশ্য। সাধারণ ছাত্রছাত্রীশূন্য ক্যাম্পাসে পুলিশ আর ছাত্রলীগের ক্যাডার ও কর্মীদের সশস্ত্র তৎপরতায় থমথমে অবস্থা বিরাজ করছে। ক্যাম্পাসে পাহারা ব্যবস্থা জোরদার করতে ছাত্রলীগ মলচত্বরে গতকাল রাত থেকে সপ্তাহব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু করেছে। প্রতিদিন গভীর রাত পর্যন্ত অনুষ্ঠান চলবে। দাঙ্গা পুলিশও মোতায়েন করা হয়েছে ক্যাম্পাস এলাকায়। বিভিন্ন প্রবেশ পথ এবং হলে হলে তল্লাশি ও কার্ড চেকিং করা হচ্ছে। ছাত্রদলের টার্গেট উত্তরপাড়ার হলগুলোর কেন্দ্রস্থল মলচত্বরে পুলিশ তাঁবু খাটিয়েছে। রাতে সার্চ লাইটের আলোতে আলোকিত পুরো ক্যাম্পাস। গতকাল সরকারি ছুটির দিনে টিএসসিতে সংস্কৃতিমনা ব্যক্তিদের আনাগোনা একেবারেই ছিল না। এদিকে ক্যাম্পাসের নিয়ন্ত্রণ রক্ষায় ছাত্রলীগের ক্যাডাররা অভ্যন্তরীণ দ্বন্দ্ব ভুলে গেছে। সংগঠন সভাপতি বাহাদুর বেপারীর উপস্থিতিতে গতকাল দুপুরে মধুর কেন্টিনে বাগেরহাট গ্রুপের নেতা শফিক এবং শরীয়তপুর-মাদারীপুর গ্রুপনেতা হেমায়েত কোলাকুলি এবং একে অপরকে মিষ্টিমুখ করায়। তবে ছাত্রদলের কাউকেই ক্যাম্পাসে দেখা যায়নি। এদিকে সলিমুল্লাহ হল কর্তৃপক্ষ অতিরিক্ত সতর্কতা হিসাবে আবাসিক ছাত্রদের সন্ধ্যা ৭টার মধ্যেই হলে ফেরার নির্দেশ দিয়েছেন। অথচ ছাত্রী হলগুলোতে হলে প্রবেশের শেষ সময় রাত ৯টা। নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে উপাচার্য এ কে আজাদ চৌধুরী বলেন, 'আমরা প্রভোস্ট এবং হাউজ টিউটরদের হলে হলে পরিচয়পত্র চেক এবং নির্ধারিত সময়ের মধ্যে আবাসিক ছাত্রদের হলে প্রবেশ নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করতে বলেছি' দাঙ্গা পুলিশ নিয়োগের বিষয়টি একান্ত পুলিশ বিভাগের বিষয়।'



*ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা জোরদার করার জন্য রেজিস্ট্রার বিল্ডিং মাঠে পুলিশের বিশেষ ক্যাম্প বসানো হয়েছে*

*-যুগান্তর*